

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
'একটি বাড়ি একটি খামার' প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা)
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
www.ebek-rdcd.gov.bd

স্মারক নং- এবাএখা/ অর্থ ও হি:/মা:প:অর্থবরাদ্দ/০২/২০১৮-১৯/ ৭৯৬

তারিখঃ ২০/১১/২০১৮ খ্রি.

বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত কর্মচারীদের প্রকল্প তহবিল হতে উত্তোলিত বেতন ভাতা পল্লী সঞ্চয় ব্যাংকে জমাদান প্রসঙ্গে।

সূত্রঃ (ক) অর্থ বিভাগের প্রত্র নং-০৭.১১২.০১৪.৩৮.০০.০১৪.২০১৬-১৫৬

তারিখঃ ১২.০৯.২০১৮ খ্রি.

(খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পত্র নং-৪৭.০০.০০০০.০৩৭.১৪.১০৯.১৭-২৬৩


তারিখঃ ১৭.০৯.২০১৮ খ্রি.

(গ) এবাএখা পত্র নং- এবাএখা/ অর্থ ও হি:/মা:প:অর্থবরাদ্দ/০২/২০১৮-১৯/৩১০

তারিখঃ ১৭/০৯/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এখন হতে একটি বাড়ি একটি খামার প্রকল্পের বেতন বিল জেলা/উপজেলা হিসাবরক্ষণ কার্যালয়ে দাখিলের সময় যে সকল কর্মচারী পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত হয়েছেন তাদের জন্য পৃথক একটি বিল এবং যে সকল কর্মচারী এখনও পল্লী সঞ্চয় ব্যাংকে স্থানান্তরিত হননি তাদের জন্য পৃথক একটি বিল প্রস্তুত করে হিসাবরক্ষণ অফিসে দাখিল করতে হবে। হিসাবরক্ষণ অফিস হতে বিল পাওয়া গেলে স্থানান্তরিত কর্মচারীদের বেতন ভাতা স্থানীয় সোনালী ব্যাংকে খোলা পল্লী সঞ্চয় ব্যাংকের চলতি হিসাবে জমা করতে হবে। অপরদিকে যারা স্থানান্তরিত হননি তাদের বিল প্রকল্পে প্রচলিত ব্যবস্থা অনুযায়ী আয়ন ব্যয়ন কর্মকর্তার হিসাবে জমা প্রদান করে বেতন প্রদান করতে হবে। স্থানান্তরিত কর্মচারীদের বেতন ভাতা পল্লী সঞ্চয় ব্যাংকের হিসাব হতে প্রদানের ব্যবস্থা করা হবে।

এমতাবস্থায়, এখন হতে হিসাবরক্ষণ অফিসে বেতন ভাতার বিল দাখিলের সময় উপরোক্ত নির্দেশনা অনুযায়ী স্থানান্তরিত এবং স্থানান্তরিত হয়নি এমন কর্মচারীদের পৃথক পৃথক বেতন বিল প্রক্রিয়াকরণ এবং নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
একটি বাড়ি একটি খামার প্রকল্প
ফোন : ৯৩৫৯০৮৩

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

..... উপজেলা জেলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক (সকল)
- ২। উপপরিচালক, বিআরডিবি/জেলা সমন্বয়কারী (সকল)
- ৩। প্রোগ্রামার, একটি বাড়ি একটি খামার প্রকল্প, ইস্কাটন গার্ডেন, ঢাকা (পত্রটি এবাএখা'র ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি (সকল) উপজেলা জেলা।
- ৫। উপজেলা সমন্বয়কারী/অফিসার সাধারণ, এবা এখা প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক (সকল), উপজেলা জেলা।।
- ৬। অফিস কপি।